

## **া** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৯২

১৪/ সিয়াম (রোজা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ১৫. অবৈধ নয় এমন কাজে রমযান মাসে সফরকারী ব্যক্তির জন্য সাওম পালন করা এবং ইফতার করা উভয়ই জায়েয যদি দুই বা ততোধিক মঞ্জিলের উদ্দেশ্যে সফর করা হয়; অবশ্য সক্ষম ব্যক্তির জন্য সাওম পালন করা উত্তম এবং অক্ষম ব্যক্তির জন্য সাওম হতে বিরত থাকা উত্তম

باب جواز الصوم والفطر في شهر رمضان للمسافر في غير معصية إذا كان سفره مرحلتين فأكثر وأن الأفضل لمن أطاقه بلا ضرر أن يصوم ولمن يشق عليه أن يفطر

## আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو خَالِدِ الأَحْمَرُ، عَنْ حُمَيْد، قَالَ خَرَجْتُ فَصُمْتُ فَقَالُوا لِي أَعِدْ. قَالَ فَقُلْتُ إِنَّ أَنسًا أَخْبَرَنِي أَنَّ أَصْحَابَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم كَانُوا يُسَافِرُونَ فَلاَ يَعِيبُ الصَّائِمُ عَلَى الْمُفْطِرِ وَلاَ الْمُفْطِرُ عَلَى الصَّائِمِ. فَلَقِيتُ ابْنَ أَبِي مُلَيْكَةَ فَأَخْبَرَنِي عَنْ عَائِشَةَ \_ رضى الله عنها \_ بِمِثْلِهِ.

## বাংলা

২৪৯২। আবৃ বকর ইবনু আবৃ শায়বা (রহঃ) ... হুমায়দ (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন আমি সফরের উদ্দেশ্যে বের হলাম এবং সিয়াম পালন করলাম। লোকেরা আমাকে বলল তুমি পুনরায় সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন কর। তখন আমি বললাম আনাস (রাঃ) আমাকে বলেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ সফরকালে সাওম পালনকারী সাওম ভঙ্গকারীকে কোন দোষারোপ করেনি। অনুরূপভাবে সাওম ভঙ্গকারীও সাওম পালনকারীকে কোন প্রকার দোষারোপ করেনি। অতঃপর আমি ইবনু আবৃ মুলায়কা (রহঃ) এর সাথে সাক্ষাৎ করলাম। তিনি আয়িশা (রাঃ) থেকে আমাকে অনুরূপ হাদীস শোনালেন।

## **English**

Abu Khalid al-Ahmar narrated from Humaid who said:

I went out and was fasting; they said to me: Break (lit. go back, repeat). He said that Anas reported that the Companions of the Messenger of Allah (ﷺ) used to set out on a journey and neither the observer of the fast found fault with the breaker of the fast, nor the breaker of the fast found fault with the



observer of the fast. (One of the narrators Humaid said): I met Ibn Abi Mulaika who informed me the same thing on the authority of 'A'isha.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন